ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১০৯ ● কলকাতা ● ০৯ বৈশাখ, ১৪৩১ ● সোমবার ● ২২ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



অমিতাভ বচ্চনের মুকুটে নতুন পালক
পৃঃ ৫



হার্দিককে বিশ্বকাপে খেলতে রোহিতের শর্ত!
পৃঃ ৬

## তৃণমূলের গুন্ডাবাহিনী ভয় পেয়ে গিয়েছে : রেখা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিজেপি প্রার্থী রেখা পাত্রের প্রচারের সময় তৃণমূলের একাংশের দাদাগিরির অভিযোগ। শনিবার সন্ধেয় ঘটনাটি ঘটেছে বসিরহাট লোকসভা কেন্দ্রের অন্তর্গত হিঙ্গলগঞ্জের কালীনগর গ্রাম পঞ্চায়েত এলাকায়। আজ সন্ধেয় সেখানে বিজেপি প্রার্থী রেখা পাত্রর সমর্থনে বিজেপির একটি সভা ছিল। সেই সময়েই স্থানীয় পঞ্চায়েত প্রধানের স্বামী দলবল নিয়ে সভাস্থলে একপ্রকার 'দাদাগিরি' দেখান বলে অভিযোগ।যদিও বসিরহাটের বিজেপি প্রার্থীর এই অভিযোগকে বিশেষ গুরুত্ব দিতে চাইছেন না বসিরহাটের তৃণমূল নেতৃত্ব। তৃণমূল কংগ্রেসের বসিরহাট শহর কমিটির সভাপতি অভিজিৎ ঘোষের কথায়, 'এর কতটা স্বচ্ছতা আছে, সে বিষয়ে নিশ্চয়ই তাদের হাতে তথ্য আছে। রেখা পাত্র পায়ের তলায় রাজনৈতিক জমি খুঁজে পাচ্ছেন না। শুধু সন্দেশখালি থেকেই তৃণমূল ৩০-৩৫ হাজার ভোটে এগিয়ে থাকবে।' সভাস্থলের যে ভিডিয়ো প্রকাশ্যে এসেছে, তাতে বেশ কিছু তপ্ত বাক্য বিনিময় ধরা পড়েছে। ঘটনাকে কেন্দ্র করে ইতিমধ্যেই রাজ্যের শাসক শিবিরের বিরুদ্ধে সুর চড়াতে শুরু করেছে বিজেপি।

বিজেপি প্রার্থী রেখা পাত্র বলেন, 'হয়ত তৃণমূলের গুন্ডাবাহিনী ভয় পেয়ে গিয়েছে। তৃণমূলের গুন্ডাবাহিনীর কাজ এটাই। তারা এটাই করে এসেছে। আজ বসিরহাটের মানুষ এককাট্টা হয়েছেন দেখে, তারা ভয় পাচ্ছে। তারা এতদিন মানুষের উপর অত্যাচার করে এসেছে। সেই নেশাটাই তো ছাড়তে পারছে না। ওরা চাইছে বিজেপি যেখানে যেখানে সভা করবে, সেখানে সেখানে গিয়ে ভয় দেখাতে।'

### মুর্শিদাবাদে রামনবমীর মিছিলে

## অশান্তির ঘটনায় মামলা রুজু করেছে সিআইডি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রামনবমীর মিছিল থেকে অশান্তি ছড়াতে পারে বলে আগেই আশঙ্কা করেছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ভোট চলাকালীন যে কোনও অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে বিশেষ ব্যবস্থাও নিয়েছিল নির্বাচন কমিশন। এরই মধ্যে মুর্শিদাবাদে রামনবমীর দিন অশান্তির বিভিন্ন ঘটনা প্রকাশ্যে আসে।উল্লেখ্য, মুর্শিদাবাদের শক্তিপুর ও বেলডাঙা থানার ওসির বিরুদ্ধে রামনবমীতে অশান্তি ঠেকাতে ব্যর্থ হওয়ার অভিযোগ ওঠে। ওই দুই ওসিকে দায়িত্ব থেকে বহিষ্কার করে তাঁদের বিরুদ্ধে চার্জশিট দাখিলের নির্দেশ দিয়েছিলেন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার। সংশ্লিষ্ট দুটি থানায় ওসি নিয়োগ করল কমিশন। কমিশন সূত্রের খবর, শক্তিপুর থানার নতুন ওসি হয়েছেন বিশ্বজিৎ হালদার এবং বেলডাঙায় শামসের আলি। অন্যদিক, মুর্শিদাবাদ থানায়

এরপর ৩ পাতায়

## "আমিও টার্গেট,অভিষেক ও টার্গেট" - মমতা




**সুশোভন সিংহ ; বালুরঘাট : নিউজ সারাদিন :** রবিবাসরীয় প্রচারে জেলায় দলীয় প্রার্থী বিপ্লব মিত্রের সমর্থনে তৃতীয়বার এলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন কুমারগঞ্জ এবং বালুরঘাটে জোড়া জনসভা করেন মমতা। কুমারগঞ্জে জনসভায় শুরু থেকেই কেন্দ্রীয় সরকারকে নিশানা করেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী বলেন,"মোদী হাটাও দেশ বাঁচাও"। বালুরঘাট লোকসভা কেন্দ্র আসনটি বর্তমানে রাজ্য রাজনীতিতে হট সিটে রূপান্তরিত হয়েছে। কুমারগঞ্জের সভা থেকে নাম না করে বিজেপি প্রার্থী তথা বঙ্গ বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারকে খোঁচা দিয়ে মমতা বলেন, 'বিজেপি দেশ বিক্রি করে দিয়েছে। সংবিধান ভেঙে দিয়েছে। আমাদের লোকেরা বুক চিতিয়ে সংসদে লড়াই করে। আপনাদের সাংসদ ঠান্ডা ঘরে ঘুমায়। কোনও কথা বলে না। বলে, বাংলায় ১০০ দিনের কাজের টাকা দিয়ো না। যে লোক বলে বাংলাকে বঞ্চিত করো, টাকা দিয়ো না, তাঁকে আপনারা ভোট দেবেন? এঁরা বার বার প্রধানমন্ত্রীর কাছে গিয়ে বলেছে বাংলাকে টাকা দেবেন না।'

এদিন সবাই দেখে দেশের সরকারি গনমাধ্যম দূরদর্শনের লোগোর রঙের পরিবর্তন নিয়ে বিজেপিকেআক্রমণ করে মুখ্যমন্ত্রী বলেন, 'দূরদর্শন দেখেছেন? রং বদলে গেল। মন কি বাত, তিনি নিজেই বলেন। নিজেই শোনেন। কাউকে বলতে দেন না। আজ পর্যন্ত সাংবাদিক বৈঠক করতে দেখিনি ওঁকে। নিজেরাই সাজিয়ে-গুছিয়ে সমাজমাধ্যমে বসিয়ে দাও।' 'দূরদর্শনের রং গেরুয়া হচ্ছে কী ভাবে? রেলস্টেশনের রং কী ভাবে গেরুয়া হচ্ছে? আমাদের গর্ব সেনাবাহিনীর বাড়ির রং গেরুয়া হচ্ছে। যাঁরা সাধু হচ্ছেন গেরুয়া পরে, তাঁদের অপমান নয়? কাশীতে

এরপর ৩ পাতায়



## বিজেপিকে হারাতে হারাতে আসেননি

# প্রচারে এসে বললেন রচনা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মানুষের মন জয়ে এসেছেন হুগলির তৃণমূল প্রার্থী রচনা বন্দ্যোপাধয়ায়। বিজেপিকে হারাতে হারাতে আসেননি তিনি। রবিবার পাণ্ডুয়ায় প্রচারে বেরিয়ে এমনই বললেন তারকা প্রার্থী।তবে রাস্তায় মানুষের উপস্থিত ছিল উল্লেখযোগ্য ভাবে কম। তৃণমূল প্রার্থীর যদিও উৎসাহে কোনও খামতি ছিল না। রচনা বলেন,"গরমে গরম হবে। শীতকালে ঠান্ডা হবে। মেনে নিতে হবে। এই গরমে মানুষের দাঁড়িয়ে থাকাটা অভাবনীয়। প্রচারে ভাল সারা পাচ্ছি।"

অপরদিকে, বিজেপির জেতা আসন হুগলি বিজেপিকে হারাতে পারবেন? এ প্রশ্নে রচনা বলেন, "আমি বিজেপিকে হারাতে আসিনি। মানুষ যাকে চাইবেন তার পাশে থাকবেন।"এ দিন, রবিবাসরীয় প্রচারে বের বন হুগলির তৃণমূল প্রার্থী রচনা বন্দ্যোপাধ্যায়। পান্ডুয়ার বিভিন্ন গ্রামে শোভাযাত্রা সহকারে ভোট প্রচার করেন।ধামসা মাদল আদিবাসী রমনীদের নাচ আর ব্যান্ড পার্টি ছিল রচনার প্রচারে। তীব্র দাবদাহে জামনা পঞ্চায়েতের বিভিন্ন গ্রামে ঘুরে ঘুরে চলে প্রচার।



## বিপ্লব মিত্রের সমর্থনে জেলায় জোড়া জনসভা করলেন মুখ্যমন্ত্রী



**দক্ষিণ দিনাজপুর : নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের দিন যতই এগিয়ে আসছে ততোই শাসক দল ও বিরোধী দল সারা রাজ্য সহ দক্ষিণ দিনাজপুর জেলাতেও তাদের প্রার্থীদের নিয়ে জনসভা করছেন দলের সর্বোচ্চ নেতৃত্বরা। শাসক ও বিরোধী দল একে অপরকে এক ইঞ্চিও জমি ছাড়তে নারাজ। দক্ষিণ দিনাজপুর জেলা জুড়ে ও জেলার বিভিন্ন প্রান্তে ইতিমধ্যে কখনো বিজেপি ছেড়ে তৃণমূলে অথবা তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান পর্ব চলছে। এই যোগদান হওয়াতে শাসক ও বিরোধী দল বাড়তি অক্সিজেন পাচ্ছেন বলে মনে করছেন তারা। কিন্তু এইসব কিছুর যবনিকাপাত ঘটাবে জেলার মানুষ আগামী ২৬শে এপ্রিল ভোটদান করে। তাই রবিবার দুপুরে দক্ষিণ দিনাজপুর জেলায় বালুরঘাট ৬নং লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রার্থী তথা রাজ্য ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী এবং দক্ষিণ দিনাজপুর জেলার ভূমিপুত্র সহ জেলার বর্ষীয়ান তৃণমূল নেতা বিপ্লব মিত্রের সমর্থনে জোড়া প্রকাশ্য জনসভা করলেন রাজ্য তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এইদিন দুপুরে প্রথমে কুমারগঞ্জের চকরাম রায় মাঠে ও ও দ্বিতীয় দক্ষিণ দিনাজপুর জেলার সদর শহর বালুরঘাটের টাউন ক্লাবের মাঠে জনসভা করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। মূলত, তৃণমূল প্রার্থী তথা রাজ্য ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্রের সমর্থনে এই জোড়া বিশাল জনসভা করলেন। এইদিন মঞ্চে উপস্থিত ছিলেন দক্ষিণ দিনাজপুর জেলা সহ উত্তর দিনাজপুর ও মালদা জেলার তৃণমূল কংগ্রেসের বিশিষ্ট নেতৃত্বরা। অন্যদিকে, মঞ্চে উঠেই বাংলার প্রতি বিজেপির বিমাতৃসুলভ আচরণ ও বঞ্চনার প্রতিবাদ করেন। পাশাপাশি রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কথাও তুলে ধরেন এই জনসভায়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে বালুরঘাট ৬নং লোকসভা কেন্দ্রের বিজেপির প্রার্থী তথা রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার সহ বিজেপি দলকে কার্যত এক হাত নিলেন। গ্রীষ্মের প্রচন্ড দাবদহ ও সূর্যের প্রখর তাপকে উপেক্ষা করে এইদিন কুমারগঞ্জ ও বালুরঘাটে এই লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রার্থী তথা জেলার ভূমিপুত্র এবং রাজ্য ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্রের সমর্থনে প্রকাশ্য জনসভা করলেন তৃণমূল কংগ্রেস সুপ্রিমো তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

## ৮৫ উর্ধ্ব ও বিশেষ চাহিদা সম্পন্ন ভোটারদের

# বাড়ি গিয়ে ভোট নেওয়া শুরু করেছে নির্বাচন কমিশন



**সুশোভন সিংহ; বালুরঘাট : নিউজ সারাদিন :** দ্বিতীয় দফায় ২৬ শে এপ্রিল দক্ষিণ দিনাজপুর জেলার একমাত্র লোকসভা আসন ৬ নং বালুরঘাট আসনে ভোট। তার আগে গোটা জেলার পাশাপাশি বংশীহারী ব্লক এবং বুনিয়াদপুর পৌর এলাকায় নির্বাচন কমিশনের পক্ষ থেকে ৮৫ উর্ধ্ব এবং বিশেষভাবে চাহিদা সম্পন্ন ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোট নেওয়ার শুরু করা হয়েছে। নির্বাচন কমিশন আধিকারিকের অনুসারে রবিবার পর্যন্ত প্রায় ৭০% ভোট দাতা ভোট দিয়েছেন। এই বিষয়ে রবিবার বংশীহারী সমষ্টি উন্ননয় দপ্তরের আধিকারিক সুব্রত বল জানান," ১৯-০৪-২০২৪ থেকে ২৩-০৪-২০২৪ এই ৫ দিন বংশীহারী ব্লক ও বুনিয়াদপুর পৌর এলাকার ৮৫ উর্ধ্ব এবং বিশেষভাবে চাহিদা সম্পন্ন ১০০ জন ভোটারদের বাড়ি গিয়ে ভোট নেওয়া কাজ চলছে।" নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন সব রাজনৈতিক দল থেকে শুরু করে এলাকার সাধারণ জনগণ।

## ডিআরএম মালদার কে ডেপুটেশন প্রদান



**মালদা: নিউজ সারাদিন :** ব্যাঙ্গো ট্রেড ইউনিয়ন নেতা মুক্তি সাহার নেতৃত্বে, বিজেএমসির জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জি মিঠু, জাতীয় সম্পাদক রাজু আয়েঙ্গার এবং অন্যান্য নেতাদের সহ একটি প্রতিনিধি দল ডিআরএম মালদার সাথে দেখা করে ডেপুটেশন প্রদান। এমতাবস্থায়, ডিআরএম ইউনিয়ন নেতাদের কথা শোনেন এবং বলেছিলেন যে রেলওয়ে এলাকার আওতাভুক্ত বেডরোলার, টোটো চালক, রিকশাচালকদের মতো শ্রমিকদের হয়রানি করে বলে তাদের অভিযোগের প্রতিকার করার চেষ্টা করা হবে।

## ভোটের আবহে শনিবার মমতাজ ও দিলীপের

# এমনই 'সৌজন্য-রাজনীতি'র সাক্ষী থাকল পশ্চিমবঙ্গ






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রকাশ্যেই ক্ষোভ উগরে দিলেন নিজেরই দলের কর্মীদের বিরুদ্ধে। আর এক জন আবার বিপক্ষ দলের জখম কর্মীকে দেখতে গেলেন হাসপাতালে। প্রথম জন হলেন মুর্শিদাবাদের নওদার তৃণমূল বিধায়ক শাহিনা মমতাজ। আর দ্বিতীয় জন পূর্ব বর্ধমান লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ।শাহিনার মন্তব্য নিয়ে বহরমপুর সাংগঠনিক জেলা তৃণমূলের সভাপতি অপূর্ব সরকার অবশ্য কিছু বলতে চাননি। তৃণমূল বিধায়কের 'প্রতিবাদে' মুগ্ধ কংগ্রেস। তাদের দলের মুখপাত্র জয়ন্ত দাস বলেন, "তৃণমূলে কিছু বিবেকবান ভাল মানুষ আছেন। তাঁরা অন্যায় সহ্য করলেও শেষ মুহূর্তে প্রতিবাদ করেন। নওদার বিধায়ক হয়তো ভাল মানুষ।''ভোটের আবহে শনিবার মমতাজ ও দিলীপের এমনই 'সৌজন্য-রাজনীতি'র সাক্ষী থাকল পশ্চিমবঙ্গ। সাম্প্রতিক কালে রাজ্য-রাজনীতিতে যা বিরল বলেই মনে করছেন অনেকে। শনিবার বেলার দিকে শাহিনার বিধানসভা এলাকায় প্রচারে গিয়ে তৃণমূল কর্মীদের বিক্ষোভের মুখে পড়েছিলেন বহরমপুরের কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরী। তাঁর উদ্দেশে গো ব্যাক স্লোগানও দেন শাসকদলের লোকেরা। যা ঘিরে উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়। বিকেলে সেই ঘটনার তীব্র নিন্দা করেন শাহিনা। দলীয় কর্মীদের আচরণ সমর্থন না করে বিধায়ক বলেন, "যা হয়েছে, সেটা অসভ্যতা এবং নোংরামি। এমন কাজকে মোটেই সমর্থন করছি না।" শাহিনীর বক্তব্য, বিরোধী দলের প্রার্থী হিসাবে অধীরের অধিকার রয়েছে প্রচার করার। তাঁর মন্তব্য, "কেন নোংরামো করবে? এই ধরনের নোংরামো একদমই ঠিক নয়।"নজর কেড়েছেন দিলীপও। পূর্ব বর্ধমানের প্রার্থী হওয়ার পর থেকেই লাগাতার শাসক তৃণমূলকে নিশানা করেছেন তিনি। 'রাজনৈতিক সংঘর্ষে' জখম হওয়া এক তৃণমূল কর্মীকে দেখতে শনিবার আচমকা সেই দিলীপের হাসপাতালে পৌঁছে যাওয়া অনেককেই চমকে দিয়েছে। স্থানীয় সূত্রে খবর, গত ১০ এপ্রিল পূর্ব বর্ধমানের গলসিতে স্বপন মল্লিক নামে এক তৃণমূল কর্মী জখম হন। তাঁকে প্রথমে নিয়ে যাওয়া হয় পুরসা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। সেখান থেকে পরে তাঁকে স্থানান্তর করা হয় বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে। শনিবার সেখানেই যান দিলীপ। পরিবার জানিয়েছে, ইদের উপহার দিতে স্ত্রী রূপা মল্লিক এবং এক নাতনিকে নিয়ে মেয়ের বাড়ি শিড়রাই গ্রামে গিয়েছিলেন স্বপন। শিড়ারাই আর পোতনার মাঝামাঝি জায়গায় তাঁর উপরে হামলা হয়। বাইক আটকে স্বপনকে লাঠি এবং টাঙ্গি দিয়ে মারধর করা হয় বলে অভিযোগ। পরিবারের দাবি, নিজের দল তৃণমূলের একটি বিরুদ্ধ-গোষ্ঠীই স্বপনের উপর হামলা চালিয়েছে।স্বপনকে হাসপাতালে দেখতে গিয়ে দিলীপও দাবি করেছেন, "চুরি বা যে কোনও অন্যায় দেখে প্রতিবাদ করলেই তৃণমূল নেতারা আক্রমণ করছে। তাতে তৃণমূল কর্মীরাও রেহাই পাচ্ছেন না। বিধায়ক গোষ্ঠীর লোকজন ১০০ দিনের কাজের টাকা লুট করেছে। স্বপন তার প্রতিবাদ করেছিলেন। তাই তিনি আক্রান্ত হয়েছেন। আমরা স্বপনের পরিবারের পাশে আছি।" তিনি আরও বলেন, "ওঁরা খুবই গরিব। যতটা পারলাম সাহায্য করেছি। আগামী দিনেও আমরা সাহায্য করব।" তৃণমূল অবশ্য এর পিছনে সহানুভূতির রাজনীতি দেখছে। তৃণমূল মুখপাত্র প্রসেনজিৎ দাস বলেন, ''দিলীপ ঘোষ ভোটে দাঁড়িয়েছেন। তাই সহানুভূতি আদায়ের জন্য হাসপাতালে গিয়েছেন।"








## নতুন উদ্যমে কোমর বাঁধতে শুরু করেছেন ইউক্রেন সামরিক-অসামরিক কর্তারা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রায় ৯৫ বিলিয়ন মার্কিন ডলার। অর্থাৎ ভারতীয় মুদ্রায়, আট লক্ষ কোটির কাছাকাছি। শনিবার মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ 'হাউস অফ রিপ্রেজেন্টেটিভ' এই বিশাল অঙ্কের অর্থবিল পাশ করানোর পরেই নতুন উদ্যমে কোমর বাঁধতে শুরু করেছেন ইউক্রেন সামরিক-অসামরিক কর্তারা।মাইক জনসন-সহ ডেমোর্ক্যাটরা হাঁফ ছেড়ে বাঁচলেন। স্বস্তি কিভেও। কিন্তু তারপর? রাশিয়া বা চিন কি তাহলে ছেড়ে কথা কইবে? ইতিমধ্যেই মস্কোয় রুশ বিদেশমন্ত্রকের মুখপাত্র মারিয়া জাকারোভা বলেছেন, 'এইভাবে ইউক্রেন, ইজরায়েল ও তাইওয়ানে আমেরিকার সামরিক সাহায্য কিন্তু বিশ্বজোড়া সঙ্কট আরও বাড়িয়ে তুলবে। কিভকে অর্থ দেওয়া মানে সরাসরি ইউক্রেনের সন্ত্রাসবাদে সাহায্য করা, তাইওয়ানকে দেওয়া মানে চিনের অভ্যন্তরীণ ব্যাপারে নাক গলানো, আর ইজরায়েলকে সাহায্য করা মানে ওই অঞ্চলকে অশান্তির দিকে নিয়ে যাওয়া।' এই হুঁশিয়ারিকে ওয়াশিংটন কীভাবে নেয়, এখন দেখার সেটাই।এরপর সেনেট সম্মতি দিলে আর হোয়াইট হাউসে

এরপর ৪ পাতায়

## এবারের নির্বাচনে বাংলায় ২৫টি আসন পাবে বিজেপি:অভিজিৎ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রবিবাসরীয় প্রচারে কোমর কষেছেন প্রার্থীরা। রবিবার সকালে তমলুক লোকসভা কেন্দ্রের প্রচার করলেন বিজেপি প্রার্থী অভিজিৎ গাঙ্গুলি। প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় বিস্ফোরক দাবি করেছেন প্রচার মঞ্চ থেকে। তিনি দাবি করেছেন এবারের নির্বাচনে বাংলায় ২৫টি আসন পাবে বিজেপি।অভিজিৎ বন্দ্যোপাধ্যায়ের সমর্থনে এদিন তমলুকে সভা করেছেন শুভেন্দু অধিকারীও। সেখানে সন্দেশখালি থেকে তিন মহিলাকে নিয়ে এসেছিলেন তিনি। সেখান থেকে সন্দেশখালি ইস্যুতে সরব হয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়ের। প্রসঙ্গত উল্লেখ্য একদিকে কয়েকদিন আগে বালুরঘাটে সভা করতে এসে অমিত শাহ নিজে দাবি করেছিলেন বাংলায় ৩০টি আসন বিজেপি পাবে। আগে তিনি বলেছিলেন ৩৫টি আসন পাবে বিজেপি। এদিকে বঙ্গ বিজেপি প্রার্থী বলছেন ২৫টি আসন। আরও কমল আসন সংখ্যা।এদিকে আবার মমতা বন্দ্যোপাধ্যায় পদত্যাগের তোরজোর শুরু করে দিয়েছেন বলেও দাবি করেছেন তিনি। অভিজিৎ গাঙ্গুলি দাবি করেছেন যেভাবে একের পর এক দুর্নীতি প্রকাশ্যে আসছে তাতে মমতা বন্দ্যোপাধ্যায় বেশিদিন থাকতে পারবেন না। তাঁর কাছে নাকি খবর রয়েছে মমতা বন্দ্যোপাধ্যায় পদত্যাগ করবেন খুব শিগগিরই। এবং মুখ্যমন্ত্রী পদ বদল করতে তিনি বাধ্য হবেন।

সেই সঙ্গে অভিজিৎ গঙ্গোপাধ্যায় দাবি করেছেন মুখ্যমন্ত্রী পদে মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর দুর্নীতিগ্রস্ত আত্মীয়কে মুখ্যমন্ত্রী পদে বসাবেন। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম না করে তাঁকে নিশানা করেছেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের।

এই নিয়ে জোর জল্পনা শুরু হয়েছে। গতকাল শুভেন্দু অধিকারী মালদার রতুয়ার সভা থেকে বলেছিলেন সপ্তাহের প্রথমেই বোমা ফাটবে তৃণমূল কংগ্রেসের অন্দরে। বেসামাল হয়ে যাবে তৃণমূল কংগ্রেস।শুভেন্দু অধিকারীর মন্তব্যের পর থেকেই জল্পনা শুরু হয়ে গিয়েছে। কী ঘটতে চলেছে সোমবার। ফের ইডি-সিবিআই তৎপরতা শুরু কোনও নেতা মন্ত্রীর বাড়িতে নাকি আরও বড় কেলেঙ্কারি প্রকাশ্যে আসবে। এদিকে শুভেন্দু অধিকারী আগেও দাবি করেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায় সরকার এবার আর বাংলায় থাকতে পারবে না।

অন্যদিকে গতকাল শুভেন্দুর মন্তব্যের পাল্টা চ্যালেঞ্জ দিয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। অভিষেক বন্দ্যোপাধ্যায় পাল্টা সার্জিকাল স্ট্রাইক হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন। দুই নেতার হুমকি-পাল্টা হুমকিতে সরগরম হয়ে গিয়েছে রাজনৈতিক প্রচার। এই নিয়ে জোর তরজা শুরু হয়ে গিয়েছে।

১-ম পাতার পর

## "আমিও টার্গেট, অভিষেক ও টার্গেট" - মমতা

পুলিশকেও গেরুয়া পরিয়েছেন। দেখবেন কবে বলবে, সকালে গেরুয়া শরবত খেতে হবে। কে কী পরবেন, রং পছন্দ করবেন, নিজের বিষয়। আপনার হয়ে কেউ ঠিক করবে না।'

বাম জামানায় দক্ষিণ দিনাজপুর জেলার কুমারগঞ্জে পার্থ সিংহ রায় গুলিতে মারা যান এদিন সেই বিষয় তুলে ধরেন মুখ্যমন্ত্রী এবং সভামঞ্চে পার্থ সিংহ রায়ের মা কে জড়িয়ে ধরেন মুখ্যমন্ত্রী। এ বিষয়ে বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, " পার্থ সিংহ রায় যখন কুমারগঞ্জে গুলিতে মারা যায়, শতাধিক ছেলেকে আটক করা হয়। বিপ্লবদাকে বলি এসে, ওঁদের জন্য লড়াই করতে হবে। রাত ১১টায় শঙ্করদার বাড়ি যাই। দরজা বন্ধ। বিপ্লবদা পাঁচিল টপকালেন। আমরাও। শঙ্করদা দাঁড়ালেন। আমি সুভাষকে বললাম, একটা গাউন দেবে। আমি সেটা পরে লড়াই করি কোর্টে। সকলকে মুক্ত করি। আজও সেই গাউন রেখে দিয়েছি।' দক্ষিণ দিনাজপুর এক সময় বাম দুর্গ ছিল, সময়ের পরিবর্তনে জেলায় এখন বামফ্রন্টের রুগ্ন দশা। জেলায় বামফ্রন্ট এবং কংগ্রেস যৌথভাবে প্রার্থী দিয়েছে। এদিন সভা মঞ্চ থেকে সিপিএম কে কটাক্ষ করে মুখ্যমন্ত্রী বলেন, 'মানুষের আর কোনও ক্ষমতা থাকবে না, স্বাধীনতা থাকবে না এরা ক্ষমতায় এলে। এই নির্বাচনকে গুরুত্ব দিন। জলপাইগুড়িতে সিপিএম বাড়ি বাড়ি গিয়ে বলেছে, ভোট বিজেপিকে দাও। ফরওয়ার্ড ব্লককে নয়। কংগ্রেস ভোট ভাগ করার জন্য দেখে দেখে দাঁড়িয়েছে। বিজেপির একটা আসন কমলে দিল্লি থেকে বিজেপির চলে যাওয়া।'

২০১৯ সালের লোকসভা ভোটে জেলায় প্রথমবার জয়ের স্বাদ পায় বিজেপি। এবার লোকসভা ভোটে জেলায় বিজেপির প্রধান অস্ত্র জেলায় রেলের উন্নয়ন আর অন্যদিকে তৃণমূলের ভোট প্রচারের অস্ত্র রাজ্যের জনকল্যাণমূলক প্রকল্প। জনসভার মুখ্যমন্ত্রী বলেন মোদীর উদ্দেশ্যে বলেন, "এটা বংলার নির্বাচন নয়। দিল্লির নির্বাচন। তাই জবাব 'মোদীবাবু'কে দিতে হবে। মমতার কথায়, 'জবাব চাই জবাব দাও। যখন পশ্চিমবঙ্গের নির্বাচন আসে, হাজার বার কৈফিয়ত দেব। জবাব দাও গদ্দারেরা।' তবে কুমারগঞ্জের সভায় বক্তৃতা শেষে গুরুতর অভিযোগ আনলেন মমতা। মুখ্যমন্ত্রী বলেন," আমিও টার্গেট,অভিষেক ও টার্গেট,' এরা আমাদের জীবন পর্ষন্ত নিয়ে নিতে পারে, পুলওয়ামায় যেমন করেছিল। এই চক্রান্ত ভাঙবই।'

১-ম পাতার পর

## মুর্শিদাবাদে রামনবমীর মিছিলে অশান্তির ঘটনায় মামলা রুজু করেছে সিআইডি

সাব ইন্সপেক্টর পদে ছিলেন বিশ্বজিৎ হালদার, আর বীরভূমের কোর্ট ইন্সপেক্টর পদে ছিলেন শামসের আলি। শনিবারই দায়িত্বভার গ্রহণ করেছেন তাঁরা।রামনবমীর মিছিলকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলার পরিস্থিতি অবনতি হয় বলে অভিযোগ। এবার সেই ঘটনার তদন্তে নামল সিআইডি।

মুর্শিদাবাদে রামনবমীর মিছিলে অশান্তির ঘটনায় মামলা রুজু করেছে সিআইডি। বেলডাঙা, শক্তিপুর সহ ১৩টি মামলা রুজু হয়েছে। সংশ্লিষ্ট মামলাগুলির তদন্তে নেমেছে রাজ্যের গোয়েন্দা সংস্থা। সিআইডি সূত্রের খবর, মুর্শিদাবাদে তেরোটি মামলায় পৃথক-পৃথক ক্ষেত্রে এফআইআর করবে সিআইডি। সেই ভিত্তিতেই শুরু হবে তদন্ত।

রামনবমীর দিন ফের উত্তপ্ত হয় রেজিনগর বিধানসভার শক্তিপুর থানা। এক দল দুস্কৃতীর বিরুদ্ধে রামনবমীর মিছিলের উপর হামলা চালানোর অভিযোগ ওঠে। শুধু তাই নয়, শক্তিপুরের পাশাপাশি মাণিক্যহার এলাকাতেও চড়াও হয় দুষ্কৃতীরা। বাড়ির ছাদ থেকে মিছিলকে লক্ষ করে হামলা চালানো হয় বলে অভিযোগ। মুর্শিদাবাদে রামনবমীতে অশান্তির ঘটনায় আহত হন বেশ কয়েকজন। তাঁদেরকে হাসপাতালে দেখতে গিয়ে বিক্ষোভের মুখে পড়তে হয় কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরীকেও। অশান্তির ঘটনায় এনআইএ-র তদন্তের দাবিতে সরব হয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

## রীতিমতো সমস্যার মুখে পড়ল অমিত শাহের হেলিকপ্টার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভোট আবহে দফায় দফায় বাংলায় প্রচারে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। তবে রবিবার দার্জিলিং-এর লেবং-এ নামার কথা থাকলেও সশরীরে উপস্থিত থাকতে পারলেন না তিনি। রীতিমতো সমস্যার মুখে পড়ল অমিত শাহের হেলিকপ্টার। আকাশে চক্কর কেটেও অবতরণ করতে পারেনি বলে জানা গিয়েছে।পরপর দু'বার লেবং-এর দিকে গিয়েও ফিরতে হয়েছে অমিত শাহকে। তবে মাঝ আকাশে যাতে কোনও সমস্যা না হয়, সেই কারণে তৃতীয় বার ওড়ানোর ঝুঁকি নেওয়া হয়নি। এরপর ফোনে বক্তৃতা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। বিজেপি প্রার্থী রাজু বিস্তার হাতে ছিল মোবাইল। সেটাই মাইক্রোফোনের কাছে ধরে শাহের বক্তব্য শোনানো হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যে দার্জিলিং-এর উন্নয়নের জন্য কতটা সচেষ্ট, সেটা উল্লেখ করেন শাহ। ফোনেই বক্তৃতা দেন শাহ।

শনিবার রাতে বিমানে শিলিগুড়ি পৌঁছন অমিত শাহ। কিন্তু বাগডোগরা থেকে লেবং যাওয়ার পথেই বিপত্তি। নির্ধারিত সময়ে বাগডোগরা বিমানবন্দর থেকে শাহের কপ্টার উড়লেও, তা লেবং-এর পথে যাওয়ার সময় দৃশ্যমানতা বাধা হয়ে দাঁড়ায়। জানা গিয়েছে, ওই এলাকায় এদিন সকাল থেকেই রয়েছে ঘন মেঘ, রয়েছে কুয়াশাও। ফলে, কপ্টার অবতরণ করতে পারেনি। তাই নির্ধারিত সময়ে সভাও শুরু করতে পারেনি বিজেপি।

### মহিলাকে কুপ্রস্তাব দেওয়ার অভিযোগে

## বেধড়ক মার বিজেপি কর্মীকে

**সিউড়ি: নিউজ সারাদিন :** মহিলাকে কুপ্রস্তাব দেওয়ার অভিযোগে বেধড়ক মার বিজেপি কর্মীকে। এই ঘটনাকে কেন্দ্র করে রবিবার সিউড়ির কড়িধ্যা গ্রামে তুলকালাম। ভাঙচুর করা হয় অভিযুক্তের বাইক ও দোকান। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে। পরিস্থিতি স্বাভাবিক হয়।শুরু হয় ব্যাপক উত্তেজনা। লাঠিসোঁটা হাতে স্থানীয় বাসিন্দারা ওই বিজেপি কর্মীকে বেধড়ক মারধর করেন। বন্ধ করে দেওয়া হয় মুদিখানার দোকানটি। ভাঙচুর করা হয় তার বাইক এবং দোকানেও। রক্তারক্তি কাণ্ড ঘটে। ইতিমধ্যে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশবাহিনী। ওই বিজেপি কর্মীকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায় সিউড়ি থানার পুলিশ। অভিযুক্তের মায়ের দাবি, বিজেপি কর্মীর কাছ থেকে ৭০ হাজার টাকা ধার নিয়েছিলেন ওই মহিলার স্বামী। দোকানে জিনিস কিনতে আসলে তাঁর থেকে টাকা ফেরত চান ওই বিজেপি কর্মী। সেই আক্রোশের বশেই মহিলা মিথ্যা অভিযোগ করছেন বলেই দাবি বিজেপি কর্মীর মায়ের। অভিযোগ, পালটা অভিযোগ খতিয়ে দেখছে সিউড়ি থানার পুলিশ।অভিযুক্ত বিবেক দাস, সিউড়ির কড়িধ্যা কালীপুরের বাসিন্দা।পরিবার সূত্রে জানা গিয়েছে, তিনি বিজেপির কর্মী। এলাকায় একটি মুদিখানার দোকান চালান তিনি। অভিযোগ, রবিবার ওই এলাকারই বাসিন্দা এক মহিলা মুদিখানার সামগ্রী কিনতে যান। তখন তাঁকে কুপ্রস্তাব দেওয়া হয় বলেই অভিযোগ। তিনি তাঁর বিরোধিতা করেন। তাতেই ঘটনা জানাজানি হয়। ক্ষোভে ফেটে পড়েন স্থানীয়রা।

### সাধারণ নির্বাচন ২০২৪

## এনডিএর পক্ষে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করা সহজ নয়: অধ্যাপক সিং



**ডাঃ সমরেন্দ্র পাঠক, সিনিয়র সাংবাদিক : নয়াদিল্লি, ২১ এপ্রিল, ২০২৪ : নিউজ সারাদিন :** বিশিষ্ট সমাজতন্ত্রী এবং দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শশী শেখর প্রসাদ সিং বলেছেন যে জাতীয় গণতান্ত্রিক জোট (এনডিএ) এই লোকসভা নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারবে না।

জেপি আন্দোলনে সক্রিয় ড. সিং প্রথম দফায় ১০২টি আসনে ভোটগ্রহণ শেষ হওয়ার পরে একটি সাক্ষাৎকারে এই দাবি করেছিলেন তিনি বলেছিলেন যে ভোটের শতাংশে বিশাল হ্রাস এটি স্পষ্ট করেছে যে জনগণের কোনও ঝোঁক নেই নির্বাচনের প্রতি তিনি বলেন, এই পতন, বিশেষ করে হিন্দি অঞ্চলে, জনগণ সরকারের কাজকর্মে খুবই অসন্তুষ্ট।

বিহারের একজন প্রচণ্ড স্বাধীনতা সংগ্রামীর ছেলে ডক্টর সিং বলেন, যেভাবেই হোক বিজেপি এবং এনডিএ-র কাছে উত্তর-পূর্বে আর কিছু নেই, কিন্তু তারা গত কয়েক বছরে কার্যকর ছিল ২০১৪ এবং ২০১৯। কিন্তু এবারও তাদের মধ্যে কঠিন প্রতিদ্বন্দ্বিতা আছে তখন তারা ২৭২ সংখ্যাগরিষ্ঠতার অঙ্কটা কোথা থেকে পাবে বুঝতে পারছি না। এবার ৪০০ পার করার স্লোগান স্লোগান মাত্র।

এক প্রশ্নের জবাবে ডক্টর সিং বলেন, কাশ্মীরে ৩৭০ অনুচ্ছেদ বাতিলের পর এটি একটি কেন্দ্রশাসিত অঞ্চলে পরিণত হয়েছে? সংখ্যালঘুদের বিরুদ্ধে কুসংস্কার একটি নির্দিষ্ট শ্রেণীকে টার্গেট করে করা হচ্ছে এবং রাজনীতি দুটি ভিন্ন জিনিস, কিন্তু এগুলোকে একত্রিত করে সংবিধানের নিরপেক্ষ প্রকৃতিকে ধ্বংস করা হচ্ছে।

তিনি বলেন, রামমন্দির নির্মাণ এখন আর ইস্যু নয়, এই শাসনে জনগণ বিপর্যস্ত হয়ে পড়েছে। কৃষিপ্রধান এই দেশে কৃষকরা তাদের অধিকারের জন্য এক বছর ধরে লড়াই করছে, কিন্তু তাদের মতামতকে উপেক্ষা করা হয়েছে।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১০৯ সংখ্যা ২২ এপ্রিল, ২০২৪ সোমবার ০৯ বৈশাখ, ১৪৩১

## ভারত ও চিন উভয়েই

## মলদ্বীপের উপর প্রভাব বিস্তার করতে চায়

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মলদ্বীপের পার্লামেন্ট পিপলস মজলিসের নিয়ন্ত্রণ কার হাতে থাকবে, তা নির্ণয়ে আজ ভোট গ্রহণ অনুষ্ঠিত হচ্ছে। দেশটির ৯৩টি সংসদীয় আসনে সংসদ সদস্য নির্বাচিত করতে ২ লাখ ৮৪ হাজার ৬৬৩ জন ভোটার ভোট দিচ্ছেন আজ। আর ভারতে লোকসভা ভোট চলার মধ্যেই গোটা দেশের রাজনৈতিক কুশিলবদের নজর রয়েছে মলদ্বীপের ভোটের দিকেও। মলদ্বীপ ভারত মহাসাগরের একটি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত। যার কারণে ভারত ও চিন উভয়েই মলদ্বীপের উপর প্রভাব বিস্তার করতে চায়। গত বছর, রাষ্ট্রপতি হিসাবে, মুইজ্জু চীনপন্থী অবস্থান গ্রহণ করেছিলেন এবং দেশের একটি দ্বীপে অবস্থানরত ভারতীয় সৈন্যদের সরিয়ে দেওয়া নিয়ে ভারতকে নির্দিষ্ট ডেডলাইনও দিয়েছিলেন। তবে, মুইজ্জুর পক্ষে সংসদে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করা কঠিন হবে। কারণ তার কিছু মিত্র দলত্যাগ করেছে এবং আরও দল প্রতিযোগিতায় যোগ দিয়েছে। ছয়টি রাজনৈতিক দল ও স্বতন্ত্র দল সংসদের ৯৩টি আসনে ৩৬৮ জন প্রার্থী ভোটে অংশ নিয়েছে।কিন্তু কেন? ভারতের বিরোধিতা করলে কি মুইজ্জু তার আসন হারাবেন? মলদ্বীপে পার্লামেন্ট নির্বাচনের ভোট শুরু।

এই ভোটের দিকে কড়া নজর রয়েছে চিনেরও। নির্বাচনে লড়াই হচ্ছে মূলত দেশের বর্তমান প্রেসিডেন্ট মহম্মদ মুইজ্জুর দল পিপলস ন্যাশনাল কংগ্রেস (পিএনসি)-এর সঙ্গে প্রধান বিরোধী দল এমডিপি-র। মলদ্বীপের পার্লামেন্টের নিয়ন্ত্রণ কার হাতে থাকবে, তার জন্য ইতিমধ্যে শুরু হয়েছে ভোটগ্রহণ। ভারত মহাসাগরে নিয়ন্ত্রণের জন্য এই নির্বাচনের ওপর কড়া নজর রাখছে ভারত ও চিন।গত সেপ্টেম্বরে মলদ্বীপের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে চিনপন্থী মুইজ্জু। এবারের নির্বাচনের প্রচারজুড়ে ভারত বিরোধিতার ডাক দিয়েছিলেন তিনি। প্রেসিডেন্ট পদে বসেই ভারতীয় সেনাকে 'বিতাড়ন' করার সিদ্ধান্ত নেন এই নেতা। মলদ্বীপে একাধিক গুরুত্বপূর্ণ পরিকাঠামো গড়তে বরাত দেন চিনা সংস্থাগুলোকেও। মুইজ্জুকে ব্যবহার করে ভারত মহাসাগরীয় এলাকায় নিজের আধিপত্য বজায় রাখতে চাইছে বেজিং, একথা কার্যত দিনের আলোর মতোই পরিষ্কার। তাই ভারত ও চিন উভয়েই মলদ্বীপ নির্বাচনের দিকেও নজর রাখছে কারণ উভয় দেশই দ্বীপপুঞ্জে তার প্রভাব প্রতিষ্ঠা করতে চায়।

## সম্পাদকীয়

## কংগ্রেসের সঙ্গে জোট করেই ভোটে লড়েছিল বামেরা

২০২১ সালের বিধানসভা ভোটে কংগ্রেসের সঙ্গে জোট করেই ভোটে লড়েছিল বামেরা। কিন্তু ভোটের পর সিপিএম তো বটেই, বিভিন্ন রাজনৈতিক বিশ্লেষণে উঠে এসেছিল, বামেদের ভোট কংগ্রেসের দিকে গেলেও, কংগ্রেসিদের ভোট বাম-বাক্সে আসেনি। ২০২৪-এর লোকসভায় কী হবে? রবিবার এই প্রশ্নের জবাবে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীকে পাশে বসিয়ে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেছেন, "আমি প্রত্যাশা করব এ বার কংগ্রেসের ভোট বামেদের দিকে হবে।" এই প্রসঙ্গেই বিমান বলেছেন, "আগে হয়নি মানে এ বার হবে না, তার কোনও মানে নেই।কেরলে সিপিএম এবং কংগ্রেসের লড়াই যে পর্যায়ে গিয়েছে তাতে আসরে নামতে হয়েছে সীতারাম ইয়েচুরিকেও। সীতারাম বলেছেন, "রাহুল গান্ধীর কথার ভিত্তিতে যদি বিজয়নের বিরুদ্ধে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে নামিয়ে দেয় তা হলে তা হবে দুর্ভাগ্যজনক।" সীতারামের এই বক্তব্য নিয়ে অধীরকে প্রশ্ন করা হলে তিনিও জানান, কেরলে বাস্তবতা ভিন্ন। এ ছাড়া সর্বত্রই বাম-কংগ্রেস বোঝাপড়া করে লড়ছে। রবিবারের সাংবাদিক বৈঠকে বিমান এ-ও দাবি করেন, "এ বার দ্বিমুখী ভোট হবে না। লড়াই হবে ত্রিমুখী।" অর্থাৎ বিজেপি, তৃণমূল এবং বাম-কংগ্রেস। অধীর এবং বিমান দু'জনেরই দাবি, যা বহু আসনের হিসেবকে ওলটপালট করে দেবে।আমিও তো আগে কখনও অধীরের পাশে বসে সাংবাদিক সম্মেলন করিনি। আজকে করছি।"

কয়েক সপ্তাহ আগে এই প্রশ্নে অধীর বলেছিলেন, "সময় বদলায়, সময়ের সঙ্গে ভাবনা বদলায়। সময়ের সঙ্গে সঙ্গে কংগ্রেস কর্মী-সমর্থকদের ভাবনাও বদলেছে। আগে যা হয়েছে, এ বার আর তা হবে না।" রবিবার অধীরের সেই কথার সঙ্গে বিমানের সুরও যেন মিলে গেল।

রবিবার বিশেষ কাজে কলকাতায় এসেছিলেন অধীর। আচমকাই সকালে প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে সাংবাদিক বৈঠকের কথা জানানো হয়েছিল। এ-ও জানানো হয়, ওই সাংবাদিক বৈঠকে থাকবেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমানও। তবে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর এবং বামফ্রন্ট চেয়ারম্যান বিমান দু'জনেই এড়িয়ে গিয়েছেন কেরলে কংগ্রেস এবং সিপিএমের লড়াইয়ের প্রসঙ্গ। শনিবার কেরলে গিয়ে কংগ্রেস নেতা রাহুল গান্ধী বামেদের সঙ্গে বিজেপির বোঝাপড়ার অভিযোগ করেছিলেন। প্রশ্ন তুলেছিলেন, কেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা কেরলের সিপিএম সরকারের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়নকে তদন্তের আওতায় আনছে না। পাল্টা রাহুলকে 'আমূল বেবি' বলে কটাক্ষ করেছেন বিজয়ন। বিমান পোড়খাওয়া রাজনীতিক। তিনি জানতেন, এই প্রশ্ন উঠবেই। তাই আগেভাগেই তিনি বলে রাখেন, "এক একটি রাজ্যে এক এক রকম বাস্তবতার নিরিখে আসন বোঝাপড়া হয়েছে। আমরা আগেই সেটা জানিয়েছে। তাই সেটা মাথায় রেখেই আপনারা প্রশ্ন করবেন।"

# মনি পর্বতে রামকোটের মন্দির



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)

তুলসী স্মারক ভবনটি দেখে জানলাম, তুলসী দাস অযোধ্যার এই ভবনে বসেই রচনা করেছিলেন তার অমর সৃষ্টি।তুলসী স্মারক ভবনকে তুলসী চৌরাও বলা হয়। রামচরিত মানসের সৃষ্টিকারী তুলসী দাস স্ত্রীর সঙ্গে অভিমান করে বানারস চলে আসেন। সেখান থেকে এলেন এই অযোধ্যায়। তুলসী স্মারক ভবনে এখন বসেছে মন্দির। আমি এখানকার গাইডকে একটি টিলা ঘুরে আসার কথা বলতেই গাইড বাধা দিলেন। জানালেন, টিলার পরেই একটি বট গাছ আছে তার পাশেই শ্মশান ঘাট। দিনে দুপুরেও ওখানে যাওয়া নিরাপদ নয়। ওখানে নাকি আগুন জ্বলে আর নেভে। ওখানে নাকি ভূত-পেত্নি থাকে। তাই আমাদের আর যাওয়া হলো না দূরের বটগাছ আর টিলার কাছে।নতুন স্থান পরিবেশ পরিচিতি আমার সব অচেনা, সব কথার ভিতরে আমাকে যেন কিরকম স্তব্ধতার মতন থেমে যেতে হচ্ছিল।এদিকে দুপুর গড়িয়ে প্রায় বিকেল নেমে এসেছে। গাড়ি থেকে রামলীলা ময়দানটি খুবই সুন্দর সাজানো গোছানো মনে হলো। এর পাশেই সরযু নদী। তুলসী উদ্যান, নয়াঘাট, গুরুদ্বার, ব্রহ্মকুণ্ড, অমাব্য, মন্দিরও দেখানো হলো আমাদেরকে। এখানকার সরযু নদী গঙ্গার মতোই পবিত্র। ঘাট বাঁধানো। প্রতিদিন হাজার হাজার মানুষ পূণ্য করার জন্য আসেন এখানে। এখানকার রামঘাটে রামচন্দ্রকে সৎকার করা হয়েছিল বলে এলাকা স্থানীয় বাসিন্দাদের মুখ থেকে শুনলাম। যারাই এখানে আসেন তারা পবিত্র এই নদীতে পিতৃপুরুষের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করে যান।অযোধ্যায় গিয়ে আরও জানলাম, প্রতি বছর এখানে মেলা হয়। তার মধ্যে নভেম্বর মাসে রামের বিবাহ, জুন-জুলাই মাসে রথযাত্রা, আগস্ট মাসে ঝুলনমেলা, মার্চ-এপ্রিলে রাম নবমী আর সরযুস্নান অনুষ্ঠিত হয় অক্টোবর-নভেম্বরে। তবে মার্চ-এপ্রিলে রাম নবমী মেলায় না যাওয়াই ভালো। মেলার সময় এখানে প্রচুর মানুষের সমাগম ঘটে। তখন নানা ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেও থাকে।একদিনে অযোধ্যা দেখে সন্ধ্যার আগেই আমি ফিরে এলাম ফৈজাবাদে। মাত্র ১০ মিনিট সময় লেগেছিল অযোধ্যা থেকে ফৈজাবাদে আসতে। ফৈজাবাদে ছিলাম ৩ দিন। ফৈজাবাদ মুসলিম প্রধান অঞ্চল। এখানে দেখেছি মুসলিম স্থাপত্যের ঘরবাড়ি, পুরানো রাজমহল। বাবু বেগম সুজা-উদ-দৌলার সমাধি রয়েছে এই ফৈজাবাদ শহরে।ফৈজাবাদের জাদুঘরটিও ঘুরে দেখেছিলাম। তবে একটি কথা না বললেই নয়, অযোধ্যায় কিন্তু আমি বেশ কিছু মসজিদ দেখেছিলাম। কিন্তু এখনকার গাইড ইচ্ছে করেই মসজিদগুলো দেখাতে চান না। তবে রাম মন্দির নিয়ে বিতর্কের আজও শেষ নেই সবকিছুর মধ্যে ভালই ভালই আমি বাড়ি ফিরে চলে এসেছিলাম ফৈজাবাদে থেকে।আমি আধ্যাত্মিক শক্তির মাধ্যমে জানতে পেরেছিলাম যে কোনোভাবেই হোক রাম জন্মভূমিতে রাম মন্দির করবে ভারতবাসীরা। এ কথাগুলো আজ যেন কল্পতরু'র মতো কাজে লাগছে। বর্তমান পরিস্থিতি সেই পথের দিকে এগিয়েছে। এখন পরিস্থিতি এমনই যে, কেউই 'রাম'কে জোর গলায় অস্বীকার করতে পারছে না। ক্রমশ সংঘ পরিবারের হিন্দু জাতীয়তাবাদের কাছে আত্মসমর্পণ করতে বাধ্য হচ্ছে দেশের রাজনৈতিক দলগুলি। সংবিধান নয়, রামের মধ্যেই ভারতের জাতীয় ঐক্যের সন্ধান করতে বাধ্য হচ্ছে তারা।

কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী বঢরা তো একটি বৃত্তই সম্পূর্ণ করলেন। শাহ বানু মামলায় মুসলমান মহিলাদের খোরপোষের ব্যাপারে যে রায় আদালত দিয়েছিল, তা উল্টে দিয়ে ১৯৮৫ সালে সংখ্যালঘুদের মন রাখতে আইন এনে ফেলেছিলেন প্রিয়াঙ্কার বাবা, প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী। হিন্দুত্ববাদীদের রোষের মুখে পড়ে তাদের মন রাখতে অযোধ্যায় বিশ্ব হিন্দু

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

৩ পাতার পর


# নতুন উদ্যমে কোমর বাঁধতে শুরু করেছেন ইউক্রেন সামরিক-অসামরিক কর্তারা

জো বাইডেন স্বাক্ষর করলেই সেই বহু প্রতীক্ষিত আমেরিকার সাহায্য এসে পৌঁছবে কিভে। যার ফলে ফের খানিক পাল্টা চাপের মুখে ফেলা যাবে রাশিয়াকে।

কার্যত এই আশাতেই দিনের পর দিন সওয়াল করে গিয়েছেন ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কি। শুরু থেকেই তাঁকে এক অসম যুদ্ধে লড়তে হচ্ছে। ধারে-ভারে, আড়ে-বহরে বিশ্বের অন্যতম মহাশক্তিধর রুশ সেনাবাহিনীর তুলনায় অনেকটাই পিছিয়ে ইউক্রেন। অথচ এমনটা হওয়ার কিন্তু কথা ছিল না। এককালে সোভিয়েত জমানায় ইউক্রেন ছিল সোভিয়েতের বিশ্ববিখ্যাত প্রতিরক্ষা সরঞ্জাম নির্মাণের মেরুদণ্ড। অন্তত সাড়ে সাতশো সোভিয়েত অস্ত্রশিল্পের কারখানা, দেড়শোর কাছাকাছি প্রতিরক্ষা গবেষণা প্রতিষ্ঠান ছিল ভৌগলিকভাবে ইউক্রেনের মধ্যে। যাতে চাকরি করতেন দশ লক্ষের কাছাকাছি সাধারণ মানুষ। সোভিয়েত প্রযুক্তির সাফল্যের অন্যতম কারিগর ছিলেন একাধিক নামী ইউক্রেনীয় বিজ্ঞানী ও ইঞ্জিনিয়ার।সোভিয়েত ইউনিয়নের পতনের ফলে অন্য সবকিছুর মতোই অবস্থা পড়তে থাকে ইউক্রেনের প্রতিরক্ষা শিল্পের। একদিকে অত্যাধুনিক মার্কিন ও ব্রিটিশ-জার্মান অস্ত্রের কাছে সোভিয়েত প্রযুক্তির অস্ত্র বাজার হারাতে থাকে। অন্যদিকে সোভিয়েত ইউনিয়নের থেকে ইউক্রেনের স্বাধীনতার পরে সেদেশের সেনাবাহিনীর যা আয়তন দাঁড়ায়, তার তুলনায় অস্ত্রের জোগান হয়ে যায় অনেক বেশি। ফলে বরাতের অভাবে কারখানাগুলো ধুঁকতে থাকে। একের পর এক অস্ত্র কারখানা পাল্টে যায় অসামরিক উৎপাদন-শিল্পে। এই মুহূর্তে মেরেকেটে টিকে আছে ৩০০ কারখানা, যাতে কাজ করেন আড়াই লক্ষের কাছাকাছি মানুষ।

যুদ্ধ শুরুর পর থেকেই অতএব ভলোদিমির জেলেনস্কি যুদ্ধকালীন তৎপরতায় প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন বাড়ানোয় জোর দিয়েছিলেন। কিন্তু তাতে কি আর রুশ সেনাবাহিনীকে ঠেকানো যায়? অথচ ঘটনা হচ্ছে, যুদ্ধের আগে ইউক্রেনের সেনাবাহিনী দেশের প্রতিরক্ষা উৎপাদনের মাত্র ৩০ শতাংশ মত নিজেরা কিনত। বাকি সবটাই ইউক্রেন বিক্রি করত বাইরে। যার তালিকায় সবচেয়ে ওপরে ছিল চিন, পাকিস্তান ও রাশিয়া। স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউটের তথ্য বলছে, ২০০৯ থেকে ২০১৩ সালের মধ্যে ইউক্রেন ছিল বিশ্বের অষ্টম বৃহত্তম অস্ত্র রফতানিকারক।একটা উদাহরণ দিলে ব্যাপারটা স্পষ্ট হবে। ভারতীয় নৌবাহিনীতে এই মুহূর্তে সবচেয়ে শক্তিশালী ও বৃহত্তম যুদ্ধজাহাজ হল 'আইএনএস বিক্রমাদিত্য'। আদতে এটি একটি সোভিয়েত আমলের যুদ্ধজাহাজ। বানানো হয়েছিল ১৯৮৭ সালে। তখন নাম ছিল 'বাকু'। সামরিক পরিভাষায় এই শ্রেণির যুদ্ধজাহাজকে বলা হত 'কিয়েভ ক্লাস'। পরে রুশ নৌবাহিনী এটিকে আনুষ্ঠানিকভাবে গ্রহণ করলে এর নাম রাখা হয় 'গর্শকভ'। শেষে ভারতীয় নৌসেনা এটি কিনে নেয়। বিস্তর প্রযুক্তিগত উন্নতি করা হয়। নাম রাখা হয় 'বিক্রমাদিত্য'। ২০১৪ সালে এই যুদ্ধজাহাজকে আনুষ্ঠানিকভাবে জাতির উদ্দেশ্যে নিবেদন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অথচ এটি তৈরি হয়েছিল ইউক্রেনের দক্ষিণে কৃষ্ণসাগর উপকূলের মাইকোলেইভ শহরে, তৎকালীন বিশ্ববিখ্যাত 'ব্ল্যাক সি শিপইয়ার্ডে'। শুধু 'বিক্রমাদিত্য' নয়, তথ্য বলছে, সোভিয়েত ইউনিয়নের দুনিয়া কাঁপানো নৌবহরের সবক'টি 'এয়ারক্রাফট ক্যারিয়ার' যুদ্ধজাহাজ তৈরি করেছিল এই শিপইয়ার্ড।কিন্তু সেই সোনালি দিন আর ফেরেনি। রুশ আক্রমণের সামনে আজ রীতিমত ক্ষতবিক্ষত ইউক্রেন। খারকিভের মত রুশ সীমান্তের একাধিক শহর গুঁড়িয়ে গিয়েছে, হার মেনে অভদিভকার মত কিছু শহর ছেড়ে ইউক্রেনের সেনাবাহিনী হঠেও গিয়েছে। এমন অবস্থায় নিরন্তর রুশ গোলাবারুদ বর্ষণের কাছে জেলেনস্কি বিশ্বের বিভিন্ন জায়গায় শক্তিশালী 'এয়ার ডিফেন্স' ব্যবস্থার জন্য তদ্বির করেছেন। জার্মানি ইতিমধ্যেই সাড়া দিয়ে অত্যাধুনিক মার্কিন 'প্যাট্রিয়ট' এয়ার ডিফেন্স ব্যবস্থার একটি ব্যাটারি সরবরাহ করেছে। যা এই নিয়ে তিন নম্বর। যদিও জেলেনস্কির দাবি, রাশিয়ার হামলা যেভাবে চলছে, তাতে ২৫-টি এরকম প্যাট্রিয়ট ব্যবস্থা লাগবে। এক-একটি এরকম ব্যাটারির দাম ১ বিলিয়ন মার্কিন ডলার। সোজা কথা নয়।তাও জেলেনস্কি দমেননি। ইরানের ইজরায়েলের ওপর হামলা পরে তাঁর বক্তব্য আরও জোরদার হয়েছে। যেভাবে ইরান হামলা চালাতেই ইজরায়েলের হয়ে পশ্চিমী দুনিয়া কোমর বেঁধে দাঁড়িয়ে গেল, জেলেনস্কি চান, অনুরূপ সমর্থন ইউক্রেনও পান। লিথুয়ানিয়ার বিদেশমন্ত্রী গ্যাব্রিয়েলিয়াস ল্যান্সবার্গিস যেমন বলেছেন, এ' কথায় অন্যায় কিছু নেই। 'ইজরায়েলের মত ন্যাটো জোটের বাইরে থাকা কারোর জন্য আমেরিকা এরকম করলে ইউক্রেন কী দোষ করল?' প্রশ্ন তাঁর।অথচ গোড়া থেকেই ইউক্রেনের দাবিকে কার্যত উড়িয়ে দিয়েছেন রিপাবলিকানদের একাংশ। তাঁদের সাফ কথা, কিন্তু ইউক্রেনের মত ন্যাটো জোটের বাইরে থাকা দেশের জন্য আমেরিকা ডলার খরচা করবে কেন? রীতিমত হাউসের স্পিকার মাইক জনসনকে হুঁশিয়ারি দিয়েছিলেন তাঁরা, 'আমাদের কাছে শুধুমাত্র আমেরিকার সীমান্তে কী হচ্ছে সেটাই আসল, ইউক্রেন-রাশিয়া সীমান্ত দেখা তো আমাদের কাজ নয়।' ওদিকে ব্রিটেনের বিদেশসচিব ডেভিড ক্যামেরনও গাঁইগুঁই করছেন, 'এই মুহূর্তে ন্যাটো বাহিনী সরাসরি রুশ বাহিনীর সঙ্গে যুদ্ধে জড়ালে বৃহত্তর ইউরোপের জন্য সেটা মোটেই ভাল কথা হবে না। এরকম যুদ্ধ পরিস্থিতি তৈরি হওয়া থেকে আমাদের দূরে থাকাই ভাল।'ইউরোপের ভূকৌশলগত ক্ষেত্রে এইসব দাবি আসলে 'ট্র্যাজেডি' নাকি 'পরিহাস', সে বিচার না হয় মহাকালের কাছে ফেলে রাখা যাক। ঠাণ্ডা যুদ্ধের সময় দশকের পর দশক সারা পৃথিবীর নানা দেশের অভ্যন্তরীন বিষয়ে নাক গলানো আমেরিকার এবার চৈতন্য হয়েছে। ডোনাল্ড ট্রাম্প প্রশ্নটা তুলেছেন, 'আমেরিকাকেই আরও একবার 'গ্রেট' করতে হবে'! ঠিক কোন সময় আমেরিকা গ্রেট ছিল না, এই প্রশ্ন তুলে লাভ নেই। বরং বিস্তর টানাপোড়েনের পর এবার জেলেনস্কির কপালে জুটতে চলেছে সেই মহাকাঙ্ক্ষিত অর্থসাহায্য। যে ৯৫ বিলিয়ন ডলারের মধ্যে ৬০ বিলিয়ন ডলার পাবে ইউক্রেন। বাকি ২৬ বিলিয়ন যাবে ইজরায়েলে। আর মোটের ওপর ৮ বিলিয়ন পেতে চলেছে তাইওয়ান।

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিন্তু মন যদি অশুদ্ধ, চঞ্চল, ইন্দ্রিয় পরায়ণ, ভগবৎ বিমুখ হয়- ত সেই মন নরক গমনের হেতু। এই মন হল শত্রু মন। কশ্যপ মুনি মানব কল্যাণের জন্য ঔষধ আবিস্কারের কথা ভেবেছিলেন - তাই তাঁর মন থেকে দেবীর সৃষ্টি হল। তাই শাস্ত্রের এই শিক্ষা যে, আমাদের সর্বদা কল্যাণকর, হিতকর, ভগবানের কথা-ইত্যাদি মনে ভাবনা চিন্তা করতে হবে।মনসা আদিবাসী দেবতা। পূর্বে শুধু নিম্নবর্ণীয় হিন্দুদের মধ্যে তাঁর পূজা প্রচলিত ছিল।

ক্রমশঃ

**সতর্কীকরণ**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।



# সিনেমার খবর

## পর্দার কবীর খানকে বাস্তবে ফেরালেন শাহরুখ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত মঙ্গলবার ইডেন গার্ডেনে মুখোমুখি হয় কলকাতা নাইট রাইডার্স ও রাজস্থান রয়্যালস। টস হেরে প্রথমে ব্যাট করে কলকাতা ৬ উইকেটে করে ২২৩ রান। জবাবে ব্যাট করতে নেমে রাজস্থান শেষ বলে ২ উইকেটে জয় তুলে নেয়। কলকাতা ভাবতেও পারেনি যে ম্যাচ তাদের হাত ফসকে বেরিয়ে যাবে। ফলে ম্যাচের পর স্বাভাবিকভাবেই টিমের সবাই ছিলেন হতাশ। তবে এবার দলটির মালিক শাহরুখ খান দেখা দিলেন তার পুরোনো অবতারে। ম্যাচ শেষ হতেই শাহরুখ চলে যান শ্রেয়াস আইয়ারদের ড্রেসিংরুমে। খেলোয়াড়দের উদ্দীপ্ত করতে তিনি খুনসুটিতে মাতেন সবার সঙ্গে। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে সে ভিডিও হয়েছে ভাইরাল।

শাহরুখ বলেন, দেখো খেলায় এমন দিন আসতেই পারে। আমাদের জীবনেও এমন দিন আসতে পারে। আজকে আমাদের হারা উচিত ছিল না, তবুও আমরা হেরেছি। আমরা আজকে ভালো খেলে হেরেছি।দয়া করে কেউ দুঃখে ডুবে যেও না। এই চেঞ্জিং রুমে আসলেই যেমন আমরা খুশি হই, সেই খুশিটাই থাকুক। সবচেয়ে বড় ব্যাপার আমাদের মধ্যে এই এনার্জি। মাঠে সবার দারুণ এনার্জি ছিল। সবার বন্ডিংও দেখার মতো। দয়া করে এটা ধরে রাখো। আমরা যেভাবে খেলেছি, তা নিয়ে খুব গর্ব করতে পারি। আমি ব্যক্তিগতভাবে কারোর নাম ধরে বলব না। আমরা আবার ঘুরে দাঁড়াব।

শাহরুখের এমন চনমনে বক্তব্যে চাঙ্গা হয়ে যান দলেই সবাই। যেন চাক দে ইন্ডিয়ার কবীর খানের দেখে পান তারা। সকলে ফিরেছেন হকি বিশ্বকাপ ফাইনালে সিনেমার সেই আইকনিক দৃশ্যে, যেখানে দলকে তাতানোর জন্য শাহরুখের ছিল সেই বিখ্যাত সংলাপ। তিনি বলেছিলেন, তোমাদের কাছে সত্তর মিনিট আছে। হয়তো তোমাদের জীবনের সবচেয়ে বিশেষ এই সত্তর মিনিট। আজকে ভালো খেলো বা খারাপ খেলো, তবে এই সত্তর মিনিট আজীবন তোমাদের মনে থেকে যাবে।

## নিজের দাম বাড়ালেন মৃণাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় সিনেমার জনপ্রিয় অভিনেত্রী মৃণাল ঠাকুর। অভিনয় দক্ষতায় দর্শক মনে জায়গা করে নিয়েছেন তিনি। ইতোমধ্যে 'সুপার থার্টি', 'বাটলা হাউজ', 'গোস্ট স্টোরিজ', 'তুফান' ও 'ধামাকা'-এর মতো সিনেমায় অভিনয় করেছেন।

২০২২ সালে মুক্তি পায় মৃণাল ঠাকুর অভিনীত 'সীতা রামাম' সিনেমা। এতে অভিনয় করে বিশেষভাবে নজরকাড়েন তিনি। সিনেমাটি তার ক্যারিয়ারে অনেক কিছু বদলে দেয়। এরপর পূর্বের পারিশ্রমিকের তুলনায় ১৩৫ শতাংশ বেশি পারিশ্রমিক বাড়ান এই অভিনেত্রী। ফের দাম বাড়ালেন মৃণাল।

সিয়াসাত ডটকমের তথ্য অনুসারে, দিনে দিনে মৃণাল ঠাকুরের ক্যারিয়ারের গ্রাফ উর্ধ্বমুখী। তার অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত 'ফ্যামিলি স্টার' সিনেমার জন্য ৩ কোটি রুপি নেন। প্রায় দুই বছর আগে পারিশ্রমিক বাড়িয়েছিলেন। আবারো তিনি পারিশ্রমিক বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন।

বলিউড ও ভারতের দক্ষিণী সিনেমার জন্য মোটা অঙ্কের পারিশ্রমিক নিচ্ছেন। এখন যেকোনো নতুন প্রজেক্টের জন্য ৫ কোটি টাকা পারিশ্রমিক নিচ্ছেন মৃণাল। প্রযোজক ও পরিচালকরাও মৃণালের চাওয়া পূরণে আপত্তি করছেন না।

প্রসঙ্গত, মৃণাল ঠাকুর অভিনীত 'ফ্যামিলি স্টার' সিনেমায় তার বিপরীতে অভিনয় করেন বিজয় দেবরকোন্ডা। পরশুরাম পেটলা পরিচালিত সিনেমাটি গত ৫ এপ্রিল মুক্তি পায়। এটি মৃণাল ঠাকুরের তৃতীয় তেলেগু সিনেমা।

## অমিতাভ বচ্চনের মুকুটে নতুন পালক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২২ সালের ৬ ফেব্রুয়ারি ৯২ বছর বয়সে মারা যান কিংবদন্তি গায়িকা লতা মঙ্গেশকর। এরপরই তার স্মরণে ও সম্মানে প্রবর্তন করা হয়৩লতা দীননাথ মঙ্গেশকর পুরস্কার। গেল বছর প্রথম ব্যক্তি হিসেবে এই পুরস্কার গ্রহণ করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এ বছর সেই পুরস্কার পেতে যাচ্ছেন মেগাস্টার অমিতাভ বচ্চন। আর এর মাধ্যমে তার মুকুটে যুক্ত হতে যাচ্ছে আরও একটি নতুন পালক।



সব ঠিক থাকলে আগামী ২৪ এপ্রিল লতা মঙ্গেশকরের বাবা প্রখ্যাত থিয়েটার এবং সংগীতশিল্পী দীননাথ মঙ্গেশকরের মৃত্যুবার্ষিকীতে অমিতাভ এই পুরস্কার পেতে যাচ্ছেন। আর বিষয়টি মঙ্গলবার (১৬ এপ্রিল) জানিয়েছে মঙ্গেশকর পরিবার।

তাদের জারি করা এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, অমিতাভ বচ্চন ছাড়াও ভারতীয় সংগীতে অবদানের জন্য এ বছর সংগীতশিল্পী এ আর রহমান এই পুরস্কার পাবেন। একই সঙ্গে প্রবীণ অভিনেতা অশোক সরফ এবং পদ্মিনী কোলাপুরি সিনেমায় তাদের অবদানের জন্য এই পুরস্কারে সম্মানিত হবেন। প্রসঙ্গত, দেশ, সমাজ ও মানুষের কল্যাণে যারা দৃষ্টান্তমূলক কাজ করেছেন, তাদের উদাহরণ হিসেবে সামনে আনতে প্রতি বছর এই পুরস্কার প্রদান করা

## আরব সাগরতীরে কত কোটিতে বাড়ি কিনলেন পূজা?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হিন্দি সিনেমায় খুব একটা সুবিধা করতে না পারলেও একের পর এক হিট সিনেমায় অভিনয় করে আলোচনায় রয়েছেন পূজা হেগড়ে। 'রাধে শ্যাম', 'আলা বৈকুণ্ঠাপুরামুলো', 'সার্কাস', 'কিসি কা ভাই কিসি কি জান'-এর মতো আলোচিত সিনেমায় কাজ করেছেন এই দক্ষিণী অভিনেত্রী।

তবে এবার অন্য কারণে আলোচনায় এসেছেন পূজা। আর তা হলো মুম্বাইয়ে বিলাসবহুল বাড়ি কিনে, যার বর্তমান মূল্য ৪৫ কোটি টাকা!

ভারতীয় একাধিক গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, পূজার নতুন এই বাড়ি মুম্বাইয়ের অন্যতম ব্যয়বহুল এলাকা বান্দ্রায়। সেখানে থাকেন সালমান খানের মতো সুপারস্টাররা। পূজার বাড়িটি আরব সাগরের তীরে চার হাজার বর্গফুট জায়গায় নির্মিত। শিগগিরই এই নতুন বাড়িতে উঠবেন নায়িকা।

পূজা হেগড়ের এক ঘনিষ্ঠ সূত্র জানিয়েছে, বাড়িটি থেকে সমুদ্রের অপূর্ব সৌন্দর্য দেখা যায়। সেজন্য এটা কিনেছেন পূজা। এ ছাড়া বাড়ির ভেতরের নকশায়ও রয়েছে আভিজাত্যের ছাপ।

প্রসঙ্গত, বর্তমানে 'দেবা' নামের একটি সিনেমার কাজে ব্যস্ত রয়েছেন পূজা। রোশান অ্যান্ড্রুস নির্মিত সিনেমাটিতে পূজার বিপরীতে আছেন বলিউড অভিনেতা শহিদ কাপুর। এ বছরের ১১ অক্টোবর এটি মুক্তি পাওয়ার কথা রয়েছে।

## ছেলে জন্মের পর দেশে ফিরলেন আনুষ্কা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেরিয়ারে শীর্ষে থাকাকালীন বিরাট কোহলির সঙ্গে বিয়ে। তার বছর কয়েকের মাথায় মেয়ে ভামিকা এল আনুষ্কা শর্মার জীবনে। তার পর থেকে সিনেমায় অভিনয় করা কমিয়ে দেন। এর মাঝেই ফের অন্তঃসত্ত্বা হন অভিনেত্রী। ১৫ ফেব্রুয়ারি জন্ম হয় তাদের পুত্র অকায়ের। এক কথায়, চার জনের পরিপূর্ণ সংসার আনুষ্কার। নিজের ব্যক্তিগত জীবন নিয়ে বরাবরই সাবধানি বিরাট-আনুষ্কা। মেয়ে ভামিকার বয়স তিন বছর। তবু এখনও পর্যন্ত মেয়ের চেহারা প্রকাশ্যে আনেননি তারা। খবর অনন্দবাজারের।

ছেলের ক্ষেত্রে জন্মের আগে থেকেই সাবধানী। ফোটোশিকারিদের হাত থেকে বাঁচার জন্য ছেলের জন্ম দিয়েছেন লন্ডনে। এই মুহূর্তে আইপিএলে ব্যস্ত বিরাট। মাস দুয়েক পার করে দেশে ফিরলেন আনুষ্কা। সঙ্গে ছেলে অকায়। বিমানবন্দরে পা দিয়েই শর্ত দিলেন অভিনেত্রী।

ভামিকাকে নিয়ে বরাবরই সাবধানি তারা। ফোটোশিকারিদের থেকে মেয়েকে সর্বক্ষণই আগলে রেখেছেন কোহলি দম্পতি। এ বার ছেলে অকায়ের ক্ষেত্রেই একই কড়াকড়ি বহাল রাখলেন। আসলে প্রায় মাস তিনেক পর আনুষ্কাকে বিমানবন্দরে দেখে অভিনেত্রীর ছবি তোলার জন্য ব্যস্ত হয়ে পড়েন ছবিশিকারিরা। তাতেই আনুষ্কা জানান, তিনি ছবি দেবেন ছেলে-মেয়েকে ছাড়া। সন্তানদের ছবি তোলা যাবে না। কথা রেখেছেন ফোটোশিকারিরা। পাশাপাশি আনুষ্কা জানিয়েছেন, সকলকে নিয়ে খুব শীঘ্রই একটা অনুষ্ঠান করবেন। সেখানেই ছেলের মুখ সকলকে দেখাবেন। শুধু ছেলের সেই ছবি বাইরে আনা যাবে না বলেই শর্ত অভিনেত্রীর।

# হার্দিককে বিশ্বকাপে খেলতে রোহিতের শর্ত!






**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বহু নাটকীয়তার পর গুজরাট টাইটান্স ছেড়ে পুরনো ডেরা মুম্বাই ইন্ডিয়ান্সে ফিরেছিলেন হার্দিক পান্ডিয়া। রোহিতের জায়গায় অধিনায়কত্বও পেয়ে যান। তবে চলতি আইপিএলে কোনো কিছুই যেন ঠিকঠাক যাচ্ছে না। এখন পর্যন্ত ৬ ম্যাচে চার হারের বিপরীতে মাত্র দুই জয়ে পয়েন্ট টেবিলে আটে আছে পাঁচ বারের চ্যাম্পিয়নরা।

দলের বাজে সময়ের মতো খরা যাচ্ছে হার্দিকের ব্যাটে-বলেও। সর্বশেষ ম্যাচে ধোনির কাছে হ্যাটট্রিক ছক্কা হজমের পর হার্দিকের বোলিং সামর্থ্য নিয়ে আবারও প্রশ্ন উঠছে। এ ছাড়া প্রায় প্রতি ম্যাচেই সমর্থকদের দুয়োধ্বনি শুনতে হচ্ছে। এতসব খারাপ খবরের মধ্যে আরেকটা অস্বস্তির খবর ভারতীয় এই অলরাউন্ডারের জন্য, আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপেও হার্দিকের জায়গা নিশ্চিত নয়। আইপিএল শেষ হলেই শুরু হয়ে যাবে টি-টোয়েন্টি বিশ্বকাপ। জাতীয় দলের বিমানে ওঠার কী সুযোগ পাবেন হার্দিক পান্ডিয়া? সেই শর্ত বেঁধে দিলেন রোহিত শর্মারা। রিপোর্ট অনুযায়ী, জাতীয় দলে ফিরতে হলে হার্দিককে একটি বোলিং বিভাগে উন্নতি করতে হবে।

সম্প্রতি অধিনায়ক রোহিত শর্মা, কোচ রাহুল দ্রাবিড় ও প্রধান নির্বাচক অজিত আগারকর একটি বৈঠক করেছেন। প্রায় দুঘণ্টা ধরে চলে সেই বৈঠক । জুন মাসে আমেরিকা ও ওয়েস্ট ইন্ডিজে আয়োজিত হতে চলা বিশ্বকাপের দল নিয়েই কথাবার্তা হয়। ১৫ জনের চূড়ান্ত স্কোয়াডে সুযোগ পেতে হার্দিককে বোলিং বিভাগে উন্নতি করতে হবে। মুম্বাই অধিনায়ক আইপিএলে কেমন বোলিং করেন, তার ওপরই নির্ভর করছে তার জাতীয় দলের ভাগ্য।

ভারতীয় টিম ম্যানেজমেন্ট হার্দিকের ফিটনেস নিয়েও যথেষ্ট চিন্তিত। ইতোমধ্যে অনেকেই বলাবলি করছেন, তিনি চোট লুকিয়ে খেলছেন। তাই তাকে খুব বেশি বল করতে দেখা যাচ্ছে না। ৬ ম্যাচে মাত্র ১১ ওভার হাত ঘুরিয়েছেন হার্দিক। পেয়েছেন মোটে ৩ উইকেট। চেন্নাইয়ের বিরুদ্ধে ম্যাচের শেষ ওভারে ৪ বলে ২০ রান তুলেছিলেন ধোনি। ব্যাট হাতেও ফর্মের ধারেকাছে নেই। ৬ ম্যাচে করেছেন মাত্র ১২১ রান।

গত বছর বিশ্বকাপে বাংলাদেশের বিপক্ষে ম্যাচে চোট পান হার্দিক। তারপর চলতি আইপিএল দিয়ে মাঠে নামেন। এর মধ্যে রোহিত শর্মা মুম্বাইয়ের অধিনায়কত্বকে সরানো নিয়ে একরাশ বিতর্ক হয়েছে। এবার জাতীয় দলের অধিনায়কের হাতেই নির্ভর করছে হার্দিক পাণ্ডিয়ার ভবিষ্যৎ।

# আর্সেনালকে হারিয়ে সেমিফাইনালে বায়ার্ন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিরতির পর গতি বাড়ায় বায়ার্ন মিউনিখ। গতিময় আক্রমণাত্মক ফুটবলে চেপে ধরে আর্সেনালকে। এবার জবাব দিতে পারেনি মৌসুমের শেষ সময়ে এসে ছন্দ হারিয়ে ফেলা মিকেল আর্তেতার দল। জশুয়া কিমিখের চমৎকার গোলে তাদের বিদায় করে দিয়ে চ্যাম্পিয়ন্স লিগের সেমি-ফাইনালে জায়গা করে নিয়েছে বায়ার্ন।

ঘরের মাঠ আলিয়াঞ্জ অ্যারেনায় বুধবার রাতে ১-০ গোলে জিতেছে টমাস টুখেলের দল।

কোয়ার্টার-ফাইনালের প্রথম লেগ ২-২ ড্র হয়েছিল। কিমিখের গোলে ৩-২ অগ্রগামিতায় ইউরোপ সেরার মঞ্চে টিকে থাকল সাবেক চ্যাম্পিয়নরা।

সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে টানা দুই ম্যাচে জয়শূন্য থাকল আর্সেনাল। বায়ার্নের বিপক্ষে ড্রয়ের পর গত রোববার ঘরের মাঠে প্রিমিয়ার লিগের ম্যাচে অ্যাস্টন ভিলার বিপক্ষে হারে তারা।

একটু ধীমেতালে শুরু হওয়া ম্যাচে দুই দলই ছিল সাবধানী। আগে রক্ষণ সামালানো পরে গোলের চেষ্টা- নিয়েছিল এই কৌশল। কোনো দলই ছিল না খুব একটা গতিময়। আক্রমণে উঠছিল একটু সময় নিয়ে। সেগুলো সহজেই সামাল দিচ্ছিল প্রতিপক্ষের রক্ষণ।

সে কারণেই হয়তো ২৪তম মিনিটে দূরপাল্লার আচমকা শটে গোলের চেষ্টা করেন জামাল মুসিয়ালা। সেটা ঝাঁপিয়ে ঠেকান আর্সেনাল গোলরক্ষক দাভিদ রায়া। লক্ষ্যে এটাই ছিল প্রথম শট।

পাঁচ মিনিট পর মার্টিন ওদেগোরের শট একজনের পায়ে লেগে দিক পাল্টে দূরের পোস্ট ঘেঁষে একটু বাড়তি বাউন্স করে জালে যাচ্ছিল। তবে সতর্ক মানুয়েল নয়ার ভালোভাবেই সামাল দেন পরিস্থিতি। লক্ষ্যে এটাই আর্সেনালের প্রথম শট।

৩১তম মিনিটে ওদেগোরের পাসে বিপজ্জনক জায়গায় বল পেয়ে সরাসরি নয়ার বরাবর শট নিয়ে সুযোগ হাতছাড়া করেন গাব্রিয়েল মার্তিনেল্লি।

দ্বিতীয়ার্ধের শুরুতেই জালের দেখা পেয়ে যাচ্ছিল বায়ার্ন। ৪৭তম মিনিটে লেয়ন গোরেটস্কার জোরাল হেড ফেরে ক্রসবারে লেগে। ফিরতি বলে রাফায়েল গেরেইরোর শট ব্যর্থ হয় রায়ার হাত ছুঁয়ে পোস্টে লেগে!

আর্সেনালকে বেশ চাপে রাখা বায়ার্ন এগিয়ে যায় ৬৪তম মিনিটে। লেরয় সানের শট মাথার উপর থেকে হাত দিয়ে দূরে সরিয়ে দেওয়ার চেষ্টা করেন রায়া। ঠিক মতো পারেননি আর্সেনাল গোলরক্ষক। ছুটে গিয়ে বল ধরে একটু সময় নিয়ে দূরের পোস্টে ক্রস করেন গেরেইরো। দারুণ গতিতে গাব্রিয়েল মার্তিনেল্লিকে এড়িয়ে জোরাল হেডে জাল খুঁজে নেন কিমিখ।

৮৭তম মিনিটে কাছ পোস্ট ঘেঁষে ওদেগোরের চমৎকার শট নয়ারের হাত ছুঁয়ে বাইরে চলে যায়। তবে কর্নার দেননি রেফারি! বাকি সময়ে গোলের তেমন কোনো সম্ভাবনা জাগাতে পারেনি আর্সেনাল।

## টি-২০ বিশ্বকাপে

# ফিরতে পারেন সুনীল নারিন




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** এবারের আইপিএলটা খুব ভাল যাচ্ছে সুনীল নারিনের। চলতি আইপিএলে একের পর এক বিধ্বংসী ইনিংস খেলছেন। টেল-এন্ডার থেকে ওপেনার বনে যাওয়া নারিন মুগ্ধ করছেন ক্রিকেটপ্রেমীদের। সর্বশেষ গতকাল রাজস্থান রয়্যালসের বিপক্ষে ১০৯ রানের ঝলমলে এক ইনিংস খেলেছেন কলকাতা নাইট রাইডার্সের এই অলরাউন্ডার।

নারিনের এমন অবিশ্বাস্য ইনিংসের পর তার জাতীয় দলে ফেরার প্রশ্ন আবারো উঠছে। অবশ্য সম্প্রতি তিনি জানিয়েছিলেন, বিশ্বকাপ তিনি ঘরে বসেই দেখবেন। কিন্তু গতকাল সেঞ্চুরির পর কিছুটা সুর বদল করেছেন। যা আশার পালে হাওয়া দিতে পারে ক্যারিবীয় সমর্থকদে। জাতীয় দল থেকে অবসরের সিদ্ধান্ত নিয়ে নতুন করে ভাববেন কি না-এ প্রশ্নে তিনি বলেছেন, 'দেখা যাক ভবিষ্যতে কী হয়।'

এদিকে, রাজস্থান রয়্যালসে খেলা ক্যারিবীয় অধিনায়ক পাওয়েলকে প্রশ্ন করা হয় নারিনকে জাতীয় দলে ফেরানোর পরিকল্পনা তাদের আছে কি না। পাওয়েল সরাসরিই জানান যে তারা নারিনকে ফেরাতে চান। তিনি নিজেও গত এক বছর ধরে নারিনকে বারবার বলেছেন। কিন্তু তাদের ডাকে সাড়া দেননি।

পাওয়েলের ভাষ্যমতে, 'আমার গত ১২ মাস ধরে আমি সুনীল নারিনকে বলেই যাচ্ছি (তাকে ওয়েস্ট ইন্ডিজ টি-টোয়েন্টি দলে ফিরে আসার জন্য অনুরোধ করছি)। কিন্তু সে সবাইকে ব্লক করে দিয়েছে। আমি তার সেরা বন্ধু পোলার্ড, ব্রাভো এবং পুরানকে জিজ্ঞাসা করেছি এবং আশা করি তারা দল নির্বাচন করার আগে তার পরিকল্পনা জানতে পারবে।'

ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে সরব উপস্থিতির কারণে অনিয়মিত হয়েছিলেন জাতীয় দলে। গত বছর আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দেন ক্যারিবীয় এই তারকা। ২০১৯ সালের আগস্টে সর্বশেষ টি-টোয়েন্টি ম্যাচে খেলেছিলেন। এছাড়া ২০১৬ সালের ৫ অক্টোবর শেষ ওয়ানডে ম্যাচ খেলেছিলেন নারিন। আর শেষ টেস্ট খেলেছিলেন ২০১৩ সালের ডিসেম্বরে।

# শেষ বলে অবিশ্বাস্য রান আউট, ঘাম ঝরানো জয় ককজ-এর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** টানা ছয় ম্যাচে হার আরসিবির। এখান থেকে প্লে-অফের দৌড় কার্যত শেষ বিরাট কোহলিদের। ইডেন গার্ডেন্সের ক্রিকেট প্রেমীরা রুদ্ধশ্বাস একটা ম্যাচ দেখার সুযোগ পেলেন। যদিও বিরাটের বয়াটে বড় ইনিংস দেখা হল না। অধিনায়ক শ্রেয়স আইয়ারের হাফসেঞ্চুরি, ফিল সল্টের বিধ্বংসী ব্যাটিং। রিঙ্কু, রাসেল, রমনদীপদের ক্যামিওতে বোর্ডে ২২২ রান তোলে কেকেআর। যদিও গত ম্যাচে রাজস্থান রয়্যালসের জয়ের পর এই রান সুরক্ষিত বলা যায়নি।

অল্পের জন্য 'অর্জুন' হয়ে উঠছিলেন করণ শর্মা। যদিও ২৫ কোটির স্টার্ক এবং ফিল সল্টের অনবদ্য রান আউট শেষ বলে ঘাম ঝরানো জয় উপহার দিল কেকেআরকে। মাত্র ১ রানে জয়! এর থেকেই পরিষ্কার কতটা পরিশ্রম করতে হয়েছে। ম্যাচে ককজ -শিবিরে সবচেয়ে খরুচে বোলার ছিলেন মিচেল স্টার্ক। শেষ ওভারেও আতঙ্ক বাড়িয়েছিলেন। তবে জয়ে ভূমিকা রইল তাঁরও। গত ম্যাচে রাজস্থান রয়্যালস ইডেনেই ২২৪ রান তাড়া করে জিতেছিল। আইপিএলের ইতিহাসে দ্বিতীয় সর্বাধিক রান তাড়া করে জেতার রেকর্ড গড়ার সামনে থেকে ফিরল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।

টানা ছয় ম্যাচে হার আরসিবির। এখান থেকে প্লে-অফের দৌড় কার্যত শেষ বিরাট কোহলিদের। ইডেন গার্ডেন্সের ক্রিকেট প্রেমীরা রুদ্ধশ্বাস একটা ম্যাচ দেখার সুযোগ পেলেন। যদিও বিরাটের বয়াটে বড় ইনিংস দেখা হল না। অধিনায়ক শ্রেয়স আইয়ারের হাফসেঞ্চুরি, ফিল সল্টের বিধ্বংসী ব্যাটিং। রিঙ্কু, রাসেল, রমনদীপদের ক্যামিওতে বোর্ডে ২২২ রান তোলে কেকেআর। যদিও গত ম্যাচে রাজস্থান রয়্যালসের জয়ের পর এই রান সুরক্ষিত বলা যায়নি।

শুরুতে বিরাট কোহলির উইকেট হারায় আরসিবি। তাঁর পিছু নেন ফাফ ডুপ্লেসিও। উইল জ্যাকস এবং রজত পাতিদারের হাফসেঞ্চুরি আরসিবিকে ম্যাচে রাখে। শেষ চার ওভারে মাত্র ৪২ রানের টার্গেট দাঁড়ায়। দীনেশ কার্তিকের মতো ফিনিশার থাকায় ম্যাচ তখনও আরসিবির নিয়ন্ত্রণেই। ১৯ তম ওভারের শেষ বলে ফেরেন কার্তিক। স্বস্তি ফেরে কেকেআর শিবিরে। তবে শেষ ওভারে কেকেআরের আতঙ্ক বাড়ায় করণ শর্মা।

শেষ ওভারে ২১ রানের টার্গেট দাঁড়ায় আরসিবির। প্রথম চার বলের মধ্যে মিচেল স্টার্ককে তিনটি ছক্কা মারেন করণ। ২ বলে ৩ রান পরিস্থিতি কঠিন ছিল না। পঞ্চম বলে নিজের বোলিংয়ে নিজেই ক্যাচে ফেরান করণকে। ক্রিজে আসেন লকি ফার্গুসন। ২ রান নিলেই সুপার ওভার। গ্যাপে খেলে ২ রান নিতে গিয়েছিলেন। রমনদীপের অনবদ্য থ্রোয়ে ফিল সল্টের অবিশ্বাস্য রান আউট। মাত্র ১ রানের ঘাম ঝরানো জয়ে বিশাল স্বস্তি কেকেআর শিবিরে।

# অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ রিয়াল, চ্যাম্পিয়ন্স লিগ থেকে বিদায় ম্যানসিটির




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ইতিহাদে টানা দেড় বছর হারেনি পেপ গার্দিওলার দল। যার জন্য রিয়াল মাদ্রিদের জয় এক প্রকার অগ্নিপরীক্ষাই ছিল গতকাল রাতের ম্যাচ। যেখানে নির্ধারিত ও এক্সট্রা সময়েও ফলাফল নিজেদের দখলে নিতে পারেনি রিয়াল। তবে শেষমেষ খেলা ট্রাইব্রেকারে গড়ালে অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ হয় বেলিংহামরা।

ইতিহাদে নির্ধারিত সময়ের ১-১ স্কোরলাইন অতিরিক্ত সময়েও ধরে রেখে ভাগ্য পরীক্ষায় যায় দুই দল। সেখানে ৪-৩ গোলে সিটিকে হারিয়ে শেষ চারে জায়গা করে নেয় দলটি। এ নিয়ে আগের বারের চ্যাম্পিয়নদের বিদায় করলো রিয়াল মাদ্রিদ।

এদিন ম্যাচে ১২ মিনিটেই রড্রিগোর গোল এগিয়ে দেয় রিয়াল মাদ্রিদকে। এরপর ম্যানসিটি শুধু আক্রমণ করে গেছে, আর অ্যান্টোনিও রুডিগারের নেতৃত্বে রিয়ালের রক্ষণভাগ তা সাফল্যের সঙ্গে সামাল দিয়েছে।

৭২ মিনিটে গ্রিলিশকে পাল্টে পেপ গার্দিওলা জেরেমি ডকুকে নামালে সমতাসূচক গোল করার সুযোগ পায় সিটি। চার মিনিট পর ডকুর বাড়ানো বল নিয়ে ৬ গজের মধ্য থেকে গতির শটে রিয়াল গোলরক্ষক লুনিনকে পরাস্ত করে সিটিকে খাদের কিনারা থেকে বাচান কেভিন ডি ব্রুইন। কিন্তু এই ব্রুইনই এরপর দুবার গোল করার মতো অবস্থায় থেকেও লক্ষ্য মিস করেন।

ডকুর অ্যাসিসেন্ট গোল করে ৭৬ মিনিটে গোল করে ১-১ সমতা ফিরিয়ে ছিলেন ড্র ব্রুইন। এর খেসারত শেষপর্যন্ত দিতে হয়েছে ম্যানসিটিতে। সিটির ১৮১টি আক্রমণ সামাল দিয়ে ম্যাচকে টাইব্রেকারে নিয়ে যান আনচেলত্তির শিষ্যরা।

সেমিফাইনালে বায়ার্ন মিউনিখের সঙ্গে খেলবে রিয়াল মাদ্রিদ। অন্য সেমিফাইনালটি হবে পিএসজি ও বরুসিয়া ডর্টমুন্ডের মধ্যে।

# নিশ্চিত চ্যাম্পিয়ন্স লিগের শেষ চার, কে কার মুখোমুখি?






**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সময় যত গড়াচ্ছে, উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের এবারের আসরের পর্দা নামার দিনক্ষণও ঘনিয়ে আসছে। কোয়ার্টার কোয়ার্টার ফাইনালের লড়াই শেষে এবার সেমিফাইনালের অপেক্ষায় ফুটবলের এই মহা আসরটি।

ইতোমধ্যেই দীর্ঘ নাটকীয়তার পর, শেষ চারে কোন কোন দল জায়গা করে নিয়েছে তা নিশ্চিত হয়েছে। যেখানে রয়েছে তিন দেশের চার দল। এবারের ইউসিএলের কোয়ার্টার ফাইনালে ইংল্যান্ডের দুইটি দল থাকলেও, একটি দলও সেমিফাইনালে জায়গা করে নিতে পারেনি।

চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগে ১৭ এপ্রিল আর্সেনালকে হারিয়ে সেমিফাইনালে উঠেছে বায়ার্ন মিউনিখ। আর অন্য ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন ম্যানসিটিকে টাইব্রেকারে হারিয়ে সেমিতে পা দেয় রিয়াল মাদ্রিদ।

তার আগে ১৬ এপ্রিল বার্সেলোনাকে বিদায় করে দেয় পিএসজি। আর অ্যাতলেটিকোকে হারিয়ে ১১ বছর পর চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে ওঠে বরুশিয়া ডর্টমুন্ড।

চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনাল ড্রয়ের সময়ই জানা গিয়েছিল, সেমিফাইনালে কে কার মুখোমুখি হবে। এক সেমিফাইনালে বরুশিয়া ডর্টমুন্ডের মুখোমুখি হবে পিএসজি।

অপর সেমিতে লড়বে বায়ার্ন মিউনিখ ও রিয়াল মাদ্রিদ। বায়ার্নের মাঠে সেমিফাইনালের প্রথম লেগ অনুষ্ঠিত হবে। অপর সেমিফাইনালের প্রথম লেগে ডর্টমুন্ডের মাঠে যাবে পিএসজি।

চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের লড়াই শুরু হবে আগামী ৩০ এপ্রিল থেকে। সেমিফাইনালের দ্বিতীয় লেগের খেলা অনুষ্ঠিত হবে ৭ মে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR